শহরে র্যাবের অভিযান, মাদক ব্যবসায়ী গ্রেফতার

আটক আসলাম

শহর প্রতিনিধি: সোমবার (২৩ মে) গভীর রাতে পাবনা শহরের পূর্ব রাঘবপুর এলাকায় র্যাব-১২ অভিযান চালিয়ে গাঁজা ও মোবাইল ফোনসহ আসলাম শেখ নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে ।

মঙ্গলবার (২৪ মে) র্যাব-১২, পাবনা এর এক সংবাদ বিজ্ঞপ্তি থেকে জানা যায়, সোমাবার রাত সাড়ে ১১টার দিকে র্যাব-১২, পাবনা গোপন সংবাদের ভিত্তিতে ডিএডি মোঃ মনোয়ার হোসেন এর নেতৃত্বে পাবনা শহরের পূর্ব রাঘবপুর এলাকায় অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ী মোঃ আসলাম শেখ (৪৪)কে গ্রেফতার করা হয়।

আসলাম, পূর্বরাঘপুর এলাকার মোঃ জব্বার শেখের ছেলে। এ সময় তার কাছ থেকে ২শ গ্রাম গাঁজা ও ১ টি স্যামফোনি মোবাইল সেট উদ্ধার করা হয়।

আসলামের বিরুদ্ধে দীর্ঘদিন যাবত এলাকায় অবৈধ মাদক ব্যবসার অভিযোগ করে আসছে এলাকবাসী। তার বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মাদক আইনে মামলা করা হয়েছে।